**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৫ শাখা**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**
**(www.erd.gov.bd; Fax:8113088)**

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ০৯ অক্টোবর ২০২৫- আজ বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে **"Second Small and Medium-Sized Enterprises Development Project-Phase 2"** শীর্ষক প্রকল্পের জন্য ১০০ মিলিয়ন মার্কিন ডলারের [Ordinary Operations (Concessional)] ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে **জনাব মোঃ শাহ্রিয়ার কাদের ছিদ্দিকী,** সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি'র পক্ষে **Mr. Hoe Yun Jeong,** Country Director, বাংলাদেশ আবাসিক মিশন, এডিবি ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। এতদ্‌বিষয়ে এডিবি ও বাংলাদেশ ব্যাংক-এর মধ্যে একটি প্রকল্প চুক্তিও স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক-১ (গ্রেড-১) জনাব এস, এম, আব্দুল হাকিম এ প্রকল্প চুক্তিতে স্বাক্ষর করেন। উক্ত ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ Mr. Shigeo Shimizu, Executive Director for Japan, ADB উপস্থিত ছিলেন।

এ প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক। প্রকল্পটির বাস্তবায়নকাল সেপ্টেম্বর ২০২৫ হতে মার্চ ২০৩০। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো: ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার বাইরে মধ্য ও স্বল্প-মেয়াদি ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে বেসরকারি খাতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান বিকাশে সহায়তাকরণ। এডিবি প্রদত্ত এ ঋণটি Ordinary Operations (Concessional) হিসেবে পাওয়া গেছে, যা ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ মোট ২৫ বছরে পরিশোধযোগ্য। উক্ত ঋণটির বার্ষিক সুদের হার ২.০০%।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। ১৯৭৩ সালে সদস্যপদ লাভ করার পর হতে এডিবি আর্থিক সহায়তার একটি বড় অংশ বাংলাদেশকে প্রদান করে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে প্রায় ৩৪.৩২ বিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা ও ৬৩৩.৮ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি সাধারণত বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ ও সুশাসন সেক্টরকে প্রাধান্য দেয়।

০৯/১০/২৫

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
উপসচিব
এডিবি-৫ শাখা
ইমেইল: adb5@erd.gov.bd